গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৪৫

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ / ২১ জুন ২০২০

# প্রজ্ঞাপন

সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক কোভিড-১৯ রোগের সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে রোগের চলমান ঝুঁকি বিবেচনায় জন-চলাচল/ জীবনযাত্রা কঠোরভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে দেশের নিম্নোক্ত ছকে বর্ণিত এলাকাকে লাল অঞ্চল (Red Zone) ঘোষণা করায় Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত এলাকায় বর্ণিত সময়ের জন্য শর্তসাপেক্ষে সাধারণ ছুটি ঘোষণা করা হলো। উক্ত ছুটির মধ্যে সাপ্তাহিক ছুটিও অন্তর্ভূক্ত থাকবে।

| ক্র. নং | জেলার নাম | লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকার সীমানা | লাল অঞ্চল (Red Zone) ঘোষণার তারিখ | লাল অঞ্চল (Red Zone) ঘোষণার মেয়াদ | সাধারণ ছুটির মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ১। | চট্টগ্রাম | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং-১০ উত্তর কাট্টলি (বিসিক শিল্প নগরী ব্যতীত) এলাকা। | ১৭ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৮ জুলাই ২০২০ পর্যন্ত |
| ২। | বগুড়া | বগুড়া পৌরসভার চেলোপাড়া, নাটাইপাড়া, নারুলী, জলেশ্বরীতলা, সূত্রাপুর, মালতিনগর, ঠনঠনিয়া, হাড়িপাড়ি ও কলোনী এলাকা। | ১৪ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৫ জুলাই ২০২০ পর্যন্ত |
| ৩। | চুয়াডাঙ্গা | দামুড়হুদা উপজেলাধীন দর্শনা পৌরসভার ৫ নং ওয়ার্ডের পরানপুর গ্রামের রিফিউজি কলোনী ও ৭ নং ওয়ার্ডের থানা পাড়া এলাকা। | ১৭ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৮ জুলাই ২০২০ পর্যন্ত |
| ৪। | মৌলভীবাজার | (১) শ্রীমঙ্গল উপজেলাধীন শ্রীমঙ্গল ইউনিয়নের ক্যাথলিক মিশন রোড়, রূপশপুর, সবুজবাগ, মুসলিমবাগ, লালবাগ, বিরাইমপুর এবং শ্রীমঙ্গল পৌরসভার কালীঘাট রোড ও শ্যামলী এলাকা<br>(২) কুলাউড়া উপজেলাধীন বরমচাল ইউনিয়নের নন্দনগর, কাদিপুর ইউনিয়নের মনসুর এবং কুলাউড়া পৌরসভার মাগুর ও মনসুর এলাকা। | ১৪ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৫ জুলাই ২০২০ পর্যন্ত |
| ৫। | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ উপজেলার রূপগঞ্জ ইউনিয়ন (উত্তরে বালু ব্রীজ, দক্ষিনে কায়েতপাড়া, পূর্বে কায়েতপাড়া এবং পশ্চিমে কাঞ্চন পৌরসভা)। | ১১ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০২ জুলাই ২০২০ পর্যন্ত |
| ৬। | হবিগঞ্জ | (১) হবিগঞ্জ পৌরসভার ৬ ও ৯ নং ওয়ার্ড;<br>(২) চুনারুঘাট উপজেলার ৩ নং দেওরগাছ ইউনিয়ন, ৭ নং উবাহাটা ইউনিয়ন ও ৯ নং | ১৮ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৯ জুলাই ২০২০ পর্যন্ত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | রাণীগাঁও ইউনিয়ন এবং চুনারুঘাট পৌরসভা;<br>(৩) আজমিরীগঞ্জ উপজেলার ১ নং আজমিরীগঞ্জ সদর ইউনিয়ন;<br>(৪) মাধবপুর পৌরসভা এলাকা। | | | |
| ৭। | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ পৌরসভার ১ নং ওয়ার্ডের অধীন মাঠপাড়া এলাকা। | ১৭ জুন ২০২০ | ১৯ জুন ২০২০ হতে ০৯ জুলাই ২০২০ পর্যন্ত | ২১ জুন ২০২০ হতে ০৯ জুলাই ২০২০ পর্যন্ত |
| ৮। | কুমিল্লা | কুমিল্লা সিটি কর্পোরেশনের অন্তর্গত ৩ নং ওয়ার্ডের কালিয়াজুরি, রেইসকোর্স, শাসনগাছা; ১০ নং ওয়ার্ডের ঝাউতলা, কান্দিরপাড়, পুলিশ লাইন, বাদুরতলা; ১২ নং ওয়ার্ডের নানুয়ার দিঘীর পাড়, নবাব বাড়ি চৌমুহনী, দিগাম্বরীতলা এবং ১৩ নং ওয়ার্ডের টমছম ব্রীজ, থিরাপুকুরপাড় ও দক্ষিণ চর্থা এলাকা। | ১৬ জুন ২০২০ | ১৯ জুন ২০২০ তারিখ রাত ১২.০১ হতে ০৩ জুলাই ২০২০ পর্যন্ত | ২১ জুন ২০২০ হতে ০৩ জুলাই ২০২০ |
| ৯। | যশোর | (১) অভয়নগর উপজেলাধীন চলিশিয়া, পিয়ারা ও বাঘুটিয়া ইউনিয়ন এবং অভয়নগর পৌরসভার ২, ৪, ৫, ৬ ও ৯ নং ওয়ার্ড এলাকা;<br>(২) চৌগাছা উপজেলাধীন চৌগাছা পৌরসভার ৬ নং ওয়ার্ড এলাকা;<br>(৩) ঝিকরগাছা উপজেলাধীন ঝিকরগাছা পৌরসভার ২ ও ৩ নং ওয়ার্ড এলাকা;<br>(৪) কেশবপুর উপজেলাধীন কেশবপুর পৌরসভার ১ ও ৩ নং ওয়ার্ড এলাকা;<br>(৫) যশোর সদর উপজেলাধীন যশোর পৌরসভার ৪ ও ৬ নং ওয়ার্ড এবং আরবপুর ও উপশহর ইউনিয়ন;<br>(৬) শার্শা উপজেলাধীন বেনাপোল পৌরসভার ২ নং ওয়ার্ড এবং শার্শা ইউনিয়ন। | ১৫ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৬ জুলাই ২০২০ পর্যন্ত |
| | | (৭) ঝিকরগাছা উপজেলাধীন বাঁকড়া ইউনিয়ন;<br>(৮) যশোর সদর উপজেলাধীন যশোর পৌরসভার ৪ নং ওয়ার্ড ; | ১৬ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৭ জুলাই ২০২০ পর্যন্ত |
| | | (৯) অভয়নগর উপজেলাধীন শ্রীধরপুর ইউনিয়ন;<br>(১০) যশোর সদর উপজেলাধীন যশোর পৌরসভার ৬ নং ওয়ার্ড এলাকা; | ১৭ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৮ জুলাই ২০২০ পর্যন্ত |
| | | (১১) শার্শা উপজেলাধীন বেনাপোল পৌরসভার ৩ নং ওয়ার্ড এলাকা। | ১৮ জুন ২০২০ | পরবর্তী ২১ দিন | ২১ জুন ২০২০ হতে ০৯ জুলাই ২০২০ পর্যন্ত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | মাদারীপুর | (১) মাদারীপুর সদর উপজেলাধীন মাদারীপুর পৌরসভার ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ড এলাকা এবং বাহাদুরপুর, দুধখালী, ঝাউদি, মস্তফাপুর, রাস্তি ও কেন্দুয়া ইউনিয়ন;<br>(২) শিবচর উপজেলাধীন শিবচর পৌরসভার ১, ৪ ও ৫ নং ওয়ার্ড এলাকা এবং শিবচর, দ্বিতীয় খন্ড, বহেরাতলা দক্ষিন, বাঁশকান্দি, ভদ্রাসন, কাদিরপুর, মাদবরেরচর ও পাঁচ্চর ইউনিয়ন;<br>(৩) কালকিনি উপজেলাধীন কালকিনি পৌরসভার ১, ৪, ৫, ৭, ৮, ও ৯ নং ওয়ার্ড এলাকা এবং ডাসার, গোপালপুর, আলীনগর ও শিকারমঙ্গল ইউনিয়ন;<br>(৪) রাজৈর উপজেলাধীন রাজৈর পৌরসভার ১, ২, ৩, ৫, ৬, ও ৮ নং ওয়ার্ড এবং বদরপাশা, আমগ্রাম, কবিরাজপুর ও হোসেনপুর ইউনিয়ন। | ১৭ জুন ২০২০ | ১৮ জুন ২০২০ সকাল ০৬.০০ টা হতে ৩০ জুন ২০২০ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত | ২১ জুন ২০২০ হতে ৩০ জুন ২০২০ পর্যন্ত |

শর্তাবলি:

(ক) শুধুমাত্র লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় বর্ণিত সময়ের জন্য এ সাধারণ ছুটি কার্যকর থাকবে;

(খ) লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় বসবাসরত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে এ ছুটি প্রযোজ্য হবে;

(গ) লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় অবস্থিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ সংস্থায় কর্মরত ও অন্য এলাকায় বসবাসরত কর্মকর্তা/ কর্মচারীগণের ক্ষেত্রেও এ ছুটি প্রযোজ্য হবে; এবং

(ঘ) জরুরি পরিষেবা এ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২১/০৬/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৪৫(৫০০) তারিখ: ০৭ আষাঢ় ১৪২৭ / ২১ জুন ২০২০

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব,----------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল) - তাঁর জেলায় লাল অঞ্চল (Red Zone) ঘোষণার মেয়াদ পরিবর্তিত হলে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।